

Govt. General Degree College Salboni
Koyma, Bhimpur, Paschim Medinipur

Cir. No. 59

Date: 19.03.2024

Notice

সমস্ত ছাত্রছাত্রীদের জানানো হচ্ছে যে আগামী ২রা ও ৩রা এপ্রিল, ২০২৪ তারিখে চলতি শিক্ষাবর্ষের বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। প্রতিযোগিতার বিবিধ অংশগুলি নিম্নবর্ণিত সূচী অনুযায়ী অনুষ্ঠিত হবে।


২রা এপ্রিল, ২০২৪	কবিতা আবৃত্তি	সকাল ১১টা	FF 02
	লোকনৃত্য	বেলা ১২টা	FF 02
	নৃত্য প্রতিযোগিতা	বেলা ১২.৩০টা	FF 02
	বিরতি	দুপুর ১.৩০টা	
	তাত্ক্ষণিক বক্তৃতা	দুপুর ২টা	FF 02
	অন্ত্যাক্ষরী	দুপুর ২.৩০টা	FF 02
৩রা এপ্রিল, ২০২৪	আল্লনা অঙ্কন	সকাল ১১টা	দ্বিতীয় তল প্রাপ্তন
	পোস্টার নির্মাণ	বেলা ১২টা	FF 01
	বিরতি	দুপুর ১টা	
	দলগত অভিনয়	দুপুর ১.৩০টা	FF 02
	কুইজ	দুপুর ২টা	FF 02
	পুরস্কার বিতরণী	দুপুর ৩টা	FF 02

প্রতিযোগিতায় অংশগ্রহণের নিয়মাবলী

১। প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য মহাবিদ্যালয়ের গ্রন্থাগারে গ্রন্থাগারিক শ্রী সৌমেন মণ্ডল মহাশয়ের কাছে আগামী ১লা এপ্রিল, ২০২৪ এর মধ্যে নির্দিষ্ট বিন্যাসে নাম জমা দিতে হবে। এছাড়া দুটি Google Form (একটি একক ও একটি দলগত অংশগ্রহণের জন্য) যা ছাত্রছাত্রীদের বিভিন্ন Whatsapp Group এ পাঠানো হয়েছে, তার মাধ্যমেও নাম জমা দেওয়া যাবে। নোটিস বোর্ডে Google Form এর QR Code দেওয়া থাকবে।


২। মোট নয়টি বিষয়ে প্রতিযোগিতা হবে। একজন প্রতিযোগী সর্বোচ্চ তিনটি বিষয়ে একক অংশগ্রহণ করতে পারবে। কুইজ, দলগত অভিনয় ও অন্ত্যাক্ষরী প্রতিযোগিতায় সবাই অংশগ্রহণ করতে পারবে।

- ৩। সাংস্কৃতিক প্রতিযোগিতায় অংশগ্রহণকারী সকল প্রতিযোগীদের সুস্থ প্রতিযোগিতা মূলক মনোভাব নিয়ে এবং সমস্ত নিয়ম-শৃঙ্খলা বজায় রেখে অংশগ্রহণ করতে হবে। প্রতিযোগিতায় বিচারক-মণ্ডলীর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৪। কবিতা আবৃত্তি প্রতিযোগিতার জন্য কবিতা গুলি পরবর্তী বিজ্ঞপ্তিতে জানানো হবে।
- ৫। লোকগীতি প্রতিযোগিতার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম বা বাদ্যযন্ত্র নিজেকে নিয়ে আসতে হবে।
- ৬। নৃত্য পরিবেশন প্রতিযোগিতায় শিক্ষাক্ষেত্রের সংস্কৃতি ও রুচির উপযুক্ত যেকোন গানে নৃত্য পরিবেশন করা যাবে।
- ৭। তাৎক্ষণিক বক্তৃতা প্রতিযোগিতায় প্রত্যেক প্রতিযোগীর বক্তব্য রাখার সময়সীমা তিন মিনিট।
- ৮। আল্পনা অঙ্কন প্রতিযোগিতার জন্য 2x2 ফুটের একটি জায়গা নির্দিষ্ট করে দেওয়া হবে। ওই নির্দিষ্ট জায়গায় এক ঘণ্টার মধ্যে আল্পনা অঙ্কন করতে হবে। প্রয়োজনীয় সামগ্রী কলেজ থেকে দেওয়া হবে।
- ৯। পোস্টার নির্মাণ প্রতিযোগিতার জন্য পোস্টার কলেজে বসে তৈরী করতে হবে। শুধুমাত্র আর্টপেপার কলেজ থেকে দেওয়া হবে। পোস্টার নির্মাণের বিষয় পরবর্তী বিজ্ঞপ্তিতে জানানো হবে।
- ১০। দলগত অভিনয়ে সর্বাধিক দুইজনের দল অংশগ্রহণ করতে পারে। অভিনয়ের বিষয়বস্তু প্রতিযোগিতার কিছুক্ষণ পূর্বে জানিয়ে দেওয়া হবে। অভিনয়ের সময়সীমা পাঁচ মিনিট।
- ১১। অন্ত্যাক্ষরী প্রতিযোগিতায় দুইজনের একটি দল তৈরি করে নাম জমা দিতে হবে। বাছাই পর্বের মাধ্যমে মূল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
- ১২। কুইজ প্রতিযোগিতার ক্ষেত্রেও দুইজনের একটি দল তৈরি করে নাম জমা দিতে হবে। বাছাই পর্বের মাধ্যমে মূল প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হবে।
- ১৩। প্রতিযোগিতার দিনগুলিতে সকলের জন্য টিফিনের ব্যবস্থা থাকবে। প্রতিযোগিতার শেষদিনে পুরস্কার বিতরণী অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার বিতরণ করা হবে।



ভারপ্রাপ্ত অধ্যক্ষ

গভঃ জেনারেল ডিগ্রি কলেজ



আহ্বায়ক

কালচারাল সাবকমিটি

একক প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য নীচের QR Code-টি
scan করতে হবে।



দলগত প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে নীচের QR Code-টি
scan করতে হবে।

